**নাম: মোঃ মজিদ হোসেন**

**জন্ম তারিখ: ১২ জানুয়ারি, ২০০৮**

**শহীদ হওয়ার তারিখ: ২৫ জুলাই, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা : গাড়ির হেল্পার
শাহাদাতের স্থান : চাঁদপুর মেডিকেল কলেজ

## শহীদের জীবনী

মোঃ মজিদ হোসেন ২০০৮ সালে ১২ জানুয়ারি খাগড়াছড়ি জেলায় জন্মগ্রহণ করেন।তার বাবার নাম মোঃ আমিন মিয়া এবং মায়ের নাম মনোয়ারা বেগম।তিনি পেশায় একজন গাড়ির হেল্পার ছিলেন।

শাহাদাতের প্রেক্ষাপট

মতিউর রহমান রেন্টু শেখ হাসিনার ঘনিষ্ঠ কর্মকর্তা ছিলেন।আওয়ামীলীগের সাথে থেকে বিভিন্ন অপকর্ম করার এক পর্যায়ে মতের অমিল হওয়ায় শেখ হাসিনা কর্তৃক আওয়ামীলীগ থেকে বহিস্কৃত হন।তিনি পরবর্তীতে ১৯৯৯ সালে তার নিজস্ব উপলব্ধি থেকে 'আমার ফাঁসি চাই' নামক একটি বই লিখেন।এতে স্থান পায় শেখ হাসিনা ও তার আওয়ামীলীগের কুৎসিত আমলনামার একাংশ।বইটিতে দাবী করা হয়েছিল মেজর জিয়া হত্যাকান্ড আওয়ামীলীগের পরিকল্পনার অংশ ছিল।এছাড়াও বইতে উল্লেখ আছে, শেখ হাসিনা লাশের খবর শুনলে খুব খুশি হয়ে যেতেন।লাশ নিয়ে রাজনীতি করতেন।২০০০ সালে বইটি আওয়ামীলীগ সরকার নিষিদ্ধ করেছিল।'আমার ফাঁসি চাই' বইয়ের তথ্য অতিরঞ্জিত মনে হলেও ২০০৮ থেকে ২০২৪ সাল পর্যন্ত শেখ হাসিনা আমলের কর্মকান্ড দেখে দেশবাসী বুঝতে পেরেছিল কোন তথ্যই অতিরঞ্জিত নয়।শেখ হাসিনা ও তার ঘাতক সন্ত্রাসীদের দল আওয়ামীলীগ ২০০৮ থেকে বিরোধী মতের লোকদের নির্দয়ভাবে উচ্ছেদ করেছিল।গ্রেফতার, গুম, খুন, আয়নাঘরে বন্দী, ফাঁসি দেয়াসহ এমন কোন অপকর্ম ছিলোনা যা তিনি জনতার উপরে প্রয়োগ করেননি। জুলাই জুড়ে ছাত্র-জনতার উপরে গণহত্যা চালাতে তার দলের সামান্য বুক কাঁপেনি! এমনকি আগস্টের ৫ তারিখ দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার সময়েও গণহত্যার নির্দেশ ছিল।

মোঃ মজিদ হোসেন ছিলেন একজন গাড়ির হেল্পার।তিনি রাজনীতি বুঝেননা।বুঝেননা ছাত্র আন্দোলন।তিনি ছিলেন প্রচন্ড পরিশ্রমী।সংসারে হাসি ফোটাতে তিনি চাকুরী নেন।চিটাগাং বন্দর থেকে গাড়িতে মালামাল নিয়ে চাঁদপুর জেলায় গিয়েছিলেন্।সেখানে ছাত্রলীগ গাড়িতে আগুন জ্বালিয়ে দেয় ।আগুনে পুরে মজিদ হোসেন আহত হয়।সেখান থেকে চাদপুর মেডিকেলে ভর্তি করানো হয়।২৫ জুলাই হাসপাতালে তিনি ইন্তেকাল করেন।

অর্থনৈতিক অবস্থা

ভিটে বাড়ি সংশ্লিষ্ট ২ শতাংশ জমি আছে।বড় ভাই গাড়ির ড্রাইভার।পরিবার আর্থিকভাবে খুবই অস্বচ্ছল ।

একনজরে শহীদ সম্পর্কিত তথ্যাবলি
নাম : মোঃ মজিদ হোসেন
জন্ম : ১২/০১/২০০৮
পেশা : দিনমজুর (গাড়ির হেল্পার )
পিতা : আমিন মিয়া
মাতা : মনোয়ারা বেগম
ভাই-বোন : ২ ভাই ১ বোন
স্থায়ী ঠিকানা : গ্রাম: রসুলপুর,ইউনিয়ন: ২ নং পাতাছাড়া, উপজেলা: রামগড়, জেলা: খাগড়াছড়ি
বর্তমান ঠিকানা : গ্রাম: রসুলপুর,ইউনিয়ন: ২ নং পাতাছাড়া, উপজেলা: রামগড়, জেলা: খাগড়াছড়ি
ঘটনার স্থান : চাঁদ পুর জেলার হাজিগঞ্জ
আক্রমণকারী : ছাত্রলীগ
আহত হওয়ার সময় : ১৯ জুলাই রাত ১০ টা
আঘাতের ধরন : আগুনে পুড়ে
মৃত্যুর তারিখ, সময় ও স্থান : ২৫ জুলাই, চাঁদপুর মেডিকেল কলেজ
শহীদের কবরের অবস্থান : নিজ গ্রাম
প্রস্তাবনা
১. মাসিক ও এককালীন ভাতা প্রদানের ব্যবস্থা করা
২. শহীদের ছোট ভাই মনির হোসেনকে কাজের ব্যবস্থা করে দেওয়া